



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৪৬.৪২.০০৫.১৮-১২


তারিখঃ ১০ জানুয়ারী ২০২৩ খ্রিঃ

বিষয়ঃ একাদশ জাতীয় সংসদের ৫ ঠাকুরগাঁও-৩, ৩৯ বগুড়া-৪, ৪১ বগুড়া-৬, ৪৪ চাঁপাইনবাবগঞ্জ-২, ৪৫ চাঁপাইনবাবগঞ্জ-৩ এবং ২৪৪ ব্রাহ্মণবাড়িয়া-২ নির্বাচনি এলাকার শূন্য আসনসমূহে উপনির্বাচন উপলক্ষে রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র গ্রহণ/বাতিলাদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ পক্ষ কর্তৃক নির্বাচন কমিশনে দাখিলকৃত আপীলের শুনানী সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ (১৯৭২ সনের রাষ্ট্রপতির আদেশ নং ১৫৫) এর অনুষ্টেদ ১৪(৫) অনুযায়ী রিটার্নিং অফিসারের আদেশের বিরুদ্ধে নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮ এর বিধি ৫ অনুযায়ী মনোনয়নপত্র বাতিল/গ্রহণাদেশের বিরুদ্ধে কোন প্রার্থী বা ব্যাংক মনোনয়নপত্র বাছাইয়ের পরবর্তী ০৩(তিন) দিনের মধ্যে নির্বাচন কমিশন বরাবর নির্ধারিত পদ্ধতি অনুসরণপূর্বক আপীল আবেদন করতে পারেন মর্মে বিধান রয়েছে।

০২। তৎপ্রেক্ষিতে, আগামী ০১/০২/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠেয় একাদশ জাতীয় সংসদের ৫ ঠাকুরগাঁও-৩, ৩৯ বগুড়া-৪, ৪১ বগুড়া-৬, ৪৪ চাঁপাইনবাবগঞ্জ-২, ৪৫ চাঁপাইনবাবগঞ্জ-৩ এবং ২৪৪ ব্রাহ্মণবাড়িয়া-২ নির্বাচনি এলাকার শূন্য আসনসমূহে উপনির্বাচন উপলক্ষে মনোনয়নপত্র গ্রহণ ও বাতিলাদেশের বিরুদ্ধে নির্বাচন কমিশন বরাবর দায়েরকৃত আপীল আবেদনসমূহের শুনানী আগামী ১২/০১/২০২৩ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকার সময় নির্বাচন ভবনের ৪র্থ তলায় মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সভা কক্ষ-২ (রুম নং-৩১৪) এ অনুষ্ঠিত হবে।

০৩। বর্ণিত আপীলসমূহের শুনানী সুষ্ঠুভাবে সম্পন্নকরণের নিমিত্ত সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার বা তাঁর মনোনীত প্রতিনিধি, আপীলকারী ও সংশ্লিষ্ট পক্ষদের প্রয়োজনীয় কাগজপত্র ও নথিসহ উল্লিখিত তারিখ ও সময়ে নির্বাচন কমিশনে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মোঃ আব্দুছ সালাম)
উপসচিব (আইন)
ফোনঃ ০২৫৫০০৭৫৩৬

নং- ১৭.০০.০০০০.০৪৬.৪২.০০৫.১৮-১২

তারিখঃ ১০ জানুয়ারী ২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ০১। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
- ০২। যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
- ০৩। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা; (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো)
- ০৪। রিটার্নিং অফিসার ও জেলা প্রশাসক, বগুড়া/চাঁপাইনবাবগঞ্জ/ব্রাহ্মণবাড়িয়া;
- ০৫। রিটার্নিং অফিসার ও আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী/রংপুর;
- ০৬। উপসচিব (সাধারণ সেবা)/(নির্বাচন পরিচালনা-২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
- ০৭। সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৮। জেলা নির্বাচন অফিসার, রাজশাহী/রংপুর/বগুড়া/চাঁপাইনবাবগঞ্জ/ব্রাহ্মণবাড়িয়া (আপীল্যান্টদের প্রতি উপরোক্ত নোটিশ ইস্যু কর্তঃ নিম্নস্বাক্ষরকারীকে লিখিতভাবে অবহিত করার জন্য অনুরোধ করা হলো);
- ০৯। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১০-১৩। মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য);
- ১৪। সহকারী সচিব (সাধারণ সেবা-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সম্মেলন কক্ষে আসন বিন্যাস ও আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য);
- ১৫। জনাব -----


(মোছাঃ শাহিনুর আলম)
সিনিয়র সহকারী সচিব (আইন-২)
ফোনঃ ০২৫৫০০৭৬০৭

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd